

এমপিওভুক্তির দাবিতে থালা হাতে ‘ভুখা মিছিল’

সংবাদ অনলাইন রিপোর্ট

: রোববার, ০৯ মার্চ ২০২৫



রবিবার দুপুরে জাতীয় প্রেসক্লাবের সামনে মিছিল করে নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান ঐক্য পরিষদ -সংবাদ

সব বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তির (মান্বুলি পেমেন্ট অর্ডার) দাবিতে থালা হাতে নিয়ে ভুখা মিছিল করেছেন শিক্ষকরা। তারা রবিবার দুপুরে জাতীয় প্রেসক্লাবের সামনে থেকে এ মিছিল করেন।

মিছিল নিয়ে পল্টন মোড় ঘুরে আবারও প্রেসক্লাবের সামনে এসে অবস্থান কর্মসূচি করেন একদল শিক্ষক। এ নিয়ে তারা টানা ১৫ দিন প্রেসক্লাবের সামনে অবস্থান কর্মসূচি পালন করছেন।

নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান ঐক্য পরিষদের ব্যানারে গত ২৩ ফেব্রুয়ারি থেকে অবস্থান কর্মসূচি পালন করছেন। দাবি আদায় না হওয়া পর্যন্ত তারা অবস্থান কর্মসূচিসহ আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছেন।

মিছিলে শিক্ষকরা ‘ভাত দে, নইলে বিষ দে’, ‘দাবি মোদের একটাই, শিক্ষাপ্রতিষ্ঠান এমপিও চাই’, ‘এক দেশে দুই নীতি, মানি না মানবো না’সহ বিভিন্ন স্লোগান দেন।

আন্দোলনকারী শিক্ষকরা জানান, গত দুই সপ্তাহ ধরে তারা ‘ন্যায্য’ দাবি নিয়ে প্রেসক্লাবের সামনে অবস্থান করছেন। কিন্তু সরকার তাদের দাবি নিয়ে কোনো ‘ইতিবাচক’ সাড়া দিচ্ছে না। রমজানে রোজা রেখেও তারা কর্মসূচি চালিয়ে যাচ্ছেন। এতে অনেক শিক্ষক অসুস্থ হয়ে পড়েছেন। দ্রুত তাদের দাবি মেনে নেয়ার আহ্বান জানান শিক্ষকরা।

নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান ঐক্য পরিষদের মহাসচিব ও নওগাঁ

শফিউদ্দিন মোল্লা কলেজের অধ্যক্ষ মনিমুল হক সাংবাদিকদের বলেন, নতুন শিক্ষা উপদেষ্টার কাছে তাদের একটাই দাবি সব প্রতিষ্ঠানের এমপিওভুক্ত করা।

শিক্ষা মন্ত্রণালয় সব শিক্ষাপ্রতিষ্ঠানের ভৌত কাঠামোসহ সব কিছু যাচাই করে স্বীকৃতি দিয়েছে জানিয়ে তিনি বলেন, ‘কিন্তু সরকারি যে বেতন-ভাতার সুবিধা সেটা দেয়া হচ্ছে না। এটা আমাদের সঙ্গে অন্যায় করা হচ্ছে। অধিকার আদায় না হওয়া পর্যন্ত আমরা আন্দোলন চালিয়ে যাবো।’

জয়পুরহাট থেকে আসা আজিজুর রহমান বলেন, ১৬ বছর ধরে তিনি স্কুলে শিক্ষা কার্যক্রম পরিচালনা করে আসছেন। কিন্তু তাদের প্রতিষ্ঠান দীর্ঘ সময়েও এমপিওভুক্ত হয়নি। ফলে তারা পরিবার নিয়ে মানবেতর জীবনযাপন করছেন। আর্থিক সংকটে পরিবারের সদস্যদের মুখে তিনবেলা ভাত তুলেও দিতে পারছেন না বলে তিনি জানান।